

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(বিচার শাখা)  
www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি নং- ২১

জে,

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ  
২২ মে ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত এবং নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সাইবার ট্রাইব্যুনালসমূহে ফৌজদারী মামলায় অভিযুক্ত ব্যক্তি/ব্যক্তিগণের আত্মসমর্পণ দরখাস্ত শারীরিক উপস্থিতিতে শুনানি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, শারীরিক ও সামাজিক দূরত্ব অনুসরণ করে ফৌজদারী মামলায় অভিযুক্ত ব্যক্তি/ব্যক্তিগণ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত এবং নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সাইবার ট্রাইব্যুনালসমূহে আত্মসমর্পণ করতে পারবেন। এতদ্বিষয়ে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত এবং নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সাইবার ট্রাইব্যুনাল-এর বিচারক এজলাস কক্ষে স্বাস্থ্যবিধি প্রতিপালনসহ শারীরিক ও সামাজিক দূরত্ব বজায় নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যপদ্ধতি নির্ধারণ করবেন।

০২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত এবং নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সাইবার ট্রাইব্যুনালসমূহে আত্মসমর্পণ আবেদন দাখিল এবং শুনানি কার্যক্রমের পদ্ধতি ও সময়সূচি এমনভাবে নির্ধারণ ও সমন্বয় করতে হবে যাতে আদালত প্রাসঙ্গে এবং আদালত ভবনে কোনরূপ জনসমাগম না ঘটে।

০৩। আত্মসমর্পণ দরখাস্ত শারীরিক উপস্থিতিতে শুনানির সময় অভিযুক্ত ব্যক্তি এবং তার পক্ষে নিযুক্ত আইনজীবী ব্যতীত অন্য কোনো আইনজীবী এজলাস কক্ষে অবস্থান করবেন না। একটি আত্মসমর্পণ দরখাস্ত শুনানি শেষে সংশ্লিষ্ট আইনজীবী এজলাস কক্ষ ত্যাগ করার পর ম্যাজিস্ট্রেট/বিচারক পরবর্তী আত্মসমর্পণের দরখাস্ত শুনানির জন্য গ্রহণ করবেন।

০৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলৱৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

(মোঃ আলী আকবর)  
রেজিস্ট্রার জেনারেল  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
ফোন: ৯৫৬২৭৮৫

E-mail: rg@supremecourt.gov.bd

স্মারক নং- ২৯২৬

জে,

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ  
২২ মে ২০২১ খ্রিস্টাব্দ

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ, ..... (অধীনস্থ বিচারকগণকে অবগত করার অনুরোধ করা হলো)।
৪. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সাইবার ট্রাইব্যুনাল.....(সকল)।
৫. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, .....(সকল) (অধীনস্থ বিচারকগণকে অবগত করার অনুরোধ করা হলো)।
৬. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, .....(সকল)।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধ সহ)।
৮. প্রধান বিচারপতির সচিব/প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৯. অফিস কপি।

*22/05/2021*  
(মোঃ মিজানুর রহমান)  
সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)  
ফোন: ৯৫৬১৯৩২।